

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১৫৫

পর্ব - ২ঃ সালাত (کتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১. সালাতের সময়সমূহ - কখন নবী (ﷺ) ফর্য সালাত আদা্য করতেন তার বিবরণ

আরবী

وَعِنْدَهُمَا مِنْ حَدِيثِ جَابِرٍ: وَالْعِشَاءُ أَحْيَانًا وَأَحْيَانًا: إِذَا رَآهُمْ اجْتَمَعُوا عَجَّلَ, وَإِذَا رَآهُمْ أَبْطَئُوا أَخَّرَ, وَالصَّبْحَ: كَانَ النَّبِيَّ _ صلى الله عليه وسلم _ يُصلِّيهَا بِغَلَسٍ

صحيح. رواه البخاري (560)، ومسلم (646)، واللفظ للبخاري ولفظ مسلم: والعشاء أحيانا يؤخرها، وأحيانا يعجل

বাংলা

১৫৫। বুখারী ও মুসলিমে জাবির (রাঃ) কর্তৃক বর্ণিত হাদীসে আছে- 'ইশার সালাত কখনও দ্রুত কখনও দেরীতে পড়তেন। যখন দেখতেন লোক একত্রিত হয়ে গেছে তখন তাড়াতাড়ি করতেন। আর তারা বিলম্বে উপস্থিত হলে বিলম্বেই আদায় করতেন। আর তিনি ফজরের সালাত খানিকটা অন্ধকারে আদায় করতেন।[1]

ফুটনোট

[1] বুখারী ৫৬০; মুসলিম ৬৪৬ শব্দবিন্যাস বুখারীর। মুসলিমের বর্ণনায় আছে والعشاء أحيانا يؤخرها، وأحيانا عبدل এশার সালাত কখনো বিলম্বে আদায় করতেন আবার কখনো তাড়াতাড়ি পড়ে নিতেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন